যুগান্তর

তারিখ ... 03 DEC 2002
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8

# ভিকারুননিসা ইউনিভার্সিটির অনুমোদন বাতিল

**যুগান্তর রিপোর্ট**

সরকার ভিকারুননিসা ইউনিভার্সিটির অনুমোদন বাতিল করে দিয়েছে। কিছু শর্তসাপেক্ষে এই বিশ্ববিদ্যালয় চালুর অনুমোদন দেয়া হয়েছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে শর্ত ভঙ্গ ও বিভিন্ন অনিয়মের অভিযোগ উঠলে সরকার তিন সদস্যের একটি কমিটি গঠন করে। কমিটি তদন্ত শেষে গত ২০ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে রিপোর্ট পেশ করে। কমিটির সুপারিশের ভিত্তিতে গত ১০ নভেম্বর ভিকারুননিসা ইউনিভার্সিটির অনুমোদন বাতিল করা হয়। একই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয়টিতে ভর্তিকৃত ছাত্রীদের বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি করে দেয়ার জন্য ভিকারুননিসা ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান আওয়ামী লীগ নেতা সাবেক এমপি ডা. এইচবিএম ইকবালকে নির্দেশ দিয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে এ ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা করতে বলা হয়েছে।

ভিকারুননিসা ইউনিভার্সিটি প্রতিষ্ঠা নিয়ে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ উঠলে গত ১৩ নভেম্বর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মনিরুল হককে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিশনের অপর দু'সদস্য অধ্যাপক কে এম মোহসীন ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুর রশিদ। কমিটির রিপোর্টে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শর্তাবলী বিশেষ করে পাঁচ একর জমি ও পাঁচ কোটি টাকার রিজার্ভ ফান্ডসহ অন্যান্য শর্ত ভঙ্গ করা হয়েছে। জানা যায়, ভিকারুননিসা ইউনিভার্সিটি ফাউন্ডেশনের নামে একই পরিমাণ জমি ও টাকা ছিল। গত ১৯ সেপ্টেম্বর ফাউন্ডেশনের সভায় ফাউন্ডেশন বিলুপ্ত ঘোষণার সিদ্ধান্ত নেয়া হয়। জয়েন্ট স্টক কোম্পানি ২১ সেপ্টেম্বর ফাউন্ডেশন বিলুপ্ত ঘোষণা করে। বিলুপ্ত ফাউন্ডেশনের চেয়ারম্যান ডা. এইচবিএম ইকবালের মালিকানাধীন প্রিমিয়ার ব্যাংকে বিলুপ্ত ফাউন্ডেশনের নামে ওই টাকা জমা রয়েছে।